

স্মারক নম্বর: ১০.০৫.০০০০.০১৮.১৮.০০১.২৬-২০

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২ ব.
২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

অফিস আদেশ

নিবন্ধন অধিদপ্তরসহ এর নিয়ন্ত্রণাধীন জেলা রেজিস্ট্রার ও সাব রেজিস্ট্রারের কার্যালয়সমূহে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবহিত করা যাচ্ছে যে, সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এর বিধি-৩, ৪ ও ৫ অনুসারে যথাক্রমে বিনা অনুমতিতে কর্মে অনুপস্থিত, বিনা অনুমতিতে অফিস ত্যাগ ও বিলম্বে উপস্থিতি শাস্তিযোগ্য অপরাধ এবং অসদাচরণের শামিল।

০২। বর্ণিত বিধানাবলির আলোকে নিবন্ধন অধিদপ্তরসহ এর অধীন জেলা রেজিস্ট্রার ও সাব রেজিস্ট্রারের কার্যালয়সমূহে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীকে দাপ্তরিক শৃঙ্খলা বজায় ও প্রশাসনিক কার্যধারা গতিশীল রাখার উদ্দেশ্যে নিম্নবর্ণিত নির্দেশনাবলি জারি করা হলো:
(ক) সকল কর্মকর্তা ও কর্মচারীকে প্রতিটি কর্মদিবসে বিধিমোতাবেক সকাল ৯:০০ ঘটিকার মধ্যে নিজ নিজ দপ্তরে আবশ্যিকভাবে হাজির হতে হবে;

(খ) অফিস সময় শেষ হওয়ার পূর্বে (পবিত্র মাহে রমজান উপলক্ষে অপরাহ্ন ৩:৩০ ঘটিকায় এবং রমজান পরবর্তী সময় অপরাহ্ন ৫:০০ ঘটিকা) কোনোক্রমেই কেউ স্ব স্ব দপ্তর ত্যাগ করবে না;

(গ) অফিস চলাকালিন দাপ্তরিক বা সজাত কারণে বা অতি জরুরি প্রয়োজনে প্রশাসনিক সোপানে উর্ধ্বতন কর্মকর্তা/কর্মচারীকে অবহিতকরণপূর্বক সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এর বিধি-৪(১) অনুযায়ী সংশ্লিষ্ট অফিসে সংরক্ষিত অফিস ত্যাগের রেজিস্ট্রার এ অফিস ত্যাগের কারণ, সময়, তারিখ ইত্যাদি লিপিবদ্ধপূর্বক অফিস ত্যাগ করতে হবে।

০৩। উপরি-উক্ত অনুচ্ছেদ-২ এর ব্যত্যয় ঘটিয়ে কোনো কর্মকর্তা/কর্মচারী বিনা অনুমতিতে কর্মে অনুপস্থিত, বিনা অনুমতিতে অফিস ত্যাগ ও বিলম্বে উপস্থিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯, সরকারি চাকরি আইন, ২০১৮ ও সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুসরণক্রমে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বা:

কাজী আবদুল হান্নান
মহা পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নম্বর: ১০.০৫.০০০০.০১৮.১৮.০০১.২৬-২০/১(৭৭)

তারিখ: ১৩ ফাল্গুন ১৪৩২ ব.
২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১. উপ মহা পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।

০২. রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট বিভাগ, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।


০৩. জেলা রেজিস্ট্রার,(সকল)। তাঁর জেলাধীন সকল কর্মকর্তা/কর্মচারীকে আবশ্যিকভাবে প্রতিপালনের নির্দেশনাসহ প্রেরণের জন্য বলা হলো এবং এতদসঙ্গে মনিটরিং করার জন্য বলা হলো।

০৪. প্রশাসনিক কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।

০৫. শাখা প্রধান, শাখা-১/২/৩/৪/৫/৬ ও টিসি শাখা, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।

০৬. রেজিঃ শাখা-৪, ওয়েবসাইটে প্রকাশের জন্য।

০৭. অফিস নথি।


কাজী আবদুল হান্নান
মহা পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।